

বেনাপোল বন্দরে ১০ দিন বন্ধ থাকবে আমদানি-রফতানি

- A Monitor Desk Report

Date: 04 June, 2025



যশোর : পবিত্র ঈদুল আজহা উপলক্ষে টানা ১০ দিন বন্ধ থাকবে দেশের বৃহৎ বেনাপোল স্থলবন্দরে আমদানি-রফতানিসহ সব কার্যক্রম।

মঙ্গলবার (০৩ জুন) বিকালে বিষয়টি নিশ্চিত করেছেন বেনাপোল সিঅ্যান্ডএফ এজেন্টস স্টাফ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান।

সাজেদুর রহমান বলেন, ‘পবিত্র ঈদুল আজহা উপলক্ষে ৫ জুন থেকে ১৪ জুন পর্যন্ত টানা ১০ দিন বন্দরে আমদানি-রফতানি, কাস্টমস ও বন্দরের সব কার্যক্রম বন্ধ থাকবে। ১৫ জুন সকাল থেকে সব কার্যক্রম সচল হবে। বুধবার বিকাল থেকে বন্ধ হয়ে যাবে দুই দেশের মধ্যে আমদানি-রফতানি।’

বন্দর সূত্রে জানা যায়, ঈদুল আজহায় সরকারিভাবে ১০ দিন ছুটি ঘোষণা করা হয়। তারপরও বেনাপোল-পেট্রাপোল বন্দরে আমদানি-রফতানি বাণিজ্য বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে দুই দেশের ব্যবসায়ীদের আলোচনার ভিত্তিতে। তবে ভারত-বাংলাদেশের মধ্যে পাসপোর্টযাত্রী চলাচল স্বাভাবিক থাকবে।

বেনাপোল বন্দরের পরিচালক (ট্রাফিক) মো. শামীম হোসেন বলেন, ‘ঈদের ছুটির মধ্যে বন্দরে যাতে কোনও ধরনের নাশকতামূলক বা অপ্রীতিকর ঘটনা না ঘটে, সেজন্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। বন্দরের নিজস্ব নিরাপত্তা বাহিনী ও আনসার সদস্যরা দিনে-রাতে বন্দর এলাকায় টহল দেবেন। পাশাপাশি বেনাপোল পোর্ট থানা পুলিশকে বিষয়টি জানানো হয়েছে।

ঈদের ছুটির মধ্যে কোনও আমদানিকারক পণ্য খালাস নিতে চাইলে খালাস দেওয়া হবে। কোনও সমস্যা হবে না। তবে আমদানি-রফতানি বন্ধ থাকবে।’

বেনাপোল পোর্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাসেল মিয়া বলেন, ‘ঈদের ছুটির মধ্যে বন্দর এলাকায় যাতে কোনও ধরনের অপ্রীতিকর

ঘটনা না ঘটে, সেজন্য বিশেষ নজরদারি রাখা হবে।’

বেনাপোল ইমিগ্রেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইব্রাহিম আহমেদ বলেন, ‘ঈদের ছুটিতে বেনাপোল স্থলবন্দর দিয়ে আমদানি-রফতানি বন্ধ থাকলেও স্বাভাবিক থাকবে পাসপোর্ট যাত্রীদের যাতায়াত। এ সময় একটু বেশি ভিড় হয়ে থাকে। সে কারণে ইমিগ্রেশনের কর্মকর্তা-কর্মচারীদের প্রস্তুত রাখা হয়েছে।’

-B